# আল-আদিয়াত | Al-Adiyat | ٱلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ৫

## আরবি মূল আয়াত:

فَوَسَطْنَ بِهِۦ جَمْعًا ﴿٥﴾

## অনুবাদসমূহ:

অতঃপর এর দ্বারা শত্রুদলের ভেতরে ঢুকে পড়ে; — আল-বায়ান

অতঃপর (শত্রু) দলের অভ্যন্তরে ঢুকে পড়ে (এভাবে মানুষ নিজের শক্তি-সামর্থ্য ও আল্লাহর এক অতি বড় নি'মাত ঘোড়াকে অপরের সম্পদ লুণ্ঠন ও অন্যের প্রতি যুলমের কাজে ব্যবহার করে), — তাইসিরুল

অতঃপর শত্রুদলের অভ্যন্তরে ঢুকে পড়ে। — মুজিবুর রহমান

Arriving thereby in the center collectively, — Sahih International

৫. অতঃপর তা দ্বারা শত্রু দলের অভ্যন্তরে ঢুকে পড়ে।(১)

(১) وسطن শব্দটির অর্থ কোন কিছুর মধ্যভাগে পৌছে যাওয়া। جمعاً অর্থ, দল বা গোষ্ঠী। আর به অর্থ, তা দ্বারা। এখানে তা বলতে আরোহীদের দ্বারা বুঝানো হয়েছে। অর্থাৎ অশ্বসমূহ ধূলিকণা উড়িয়ে তাদের আরোহীদের নিয়ে শত্রুদের মধ্যভাগে পৌছে যায়। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

৫। অতঃপর শত্রু দলের অভ্যন্তরে ঢুকে পড়ে। [1]

[1] فَوَسَطْنَ শব্দের অর্থ হল মধ্যস্থলে ঢুকে পড়া। جَمعًا শব্দের অর্থ হল শত্রুসেনা। অর্থাৎ, সে সময় বা সেই অবস্থায় যখন আকাশ ধূলো-বালিতে ছেয়ে যায়, তখন এই অশ্বদল শত্রুসেনার মাঝে ঢুকে পড়ে আর ভীষণভাবে যুদ্ধ লড়ে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6151

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন